

# সকালবেলা

২য় বর্ষ ২০৬ সংখ্যা রবিবার, ৭ মাঘ, ১৪১৮ । ২২ জানুয়ারি, ২০১২

## ল্যাসিক সার্জারি

কলকাতা: চোখের চিকিৎসায় প্রিয়ম্বদা বিড়লা অরবিন্দ আই হাসপাতালে চালু হল অত্যাধুনিক ল্যাসিক সার্জারির পরিষেবা। এর ফলে চোখের চিকিৎসায় আরও অনেক মানুষ উপকৃত হবেন বলে জানিয়েছেন হাসপাতাল কর্তৃপক্ষ। মিন্টোপার্কের কাছে অবস্থিত বেসরকারি এই হাসপাতালের ল্যাসিক সার্জারির পরিষেবার উদ্বোধনের পর, এম পি বিড়লা গ্রুপের চেয়ারম্যান এইচ ভি লোটা বলেন, চোখের চিকিৎসায় ল্যাসিক সার্জারি নবদিগন্ত। অত্যন্ত সুরক্ষিত এই চিকিৎসায় কোনও ব্যথাও লাগে না। এ বিষয়ে তাঁদের হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকরাও অনেক বেশি যত্নবান।